

নিষ্ক্রিয় এ্যাকাউন্টে ন্যূনতম ব্যালাপ না রাখলে শাস্তিমূলক দণ্ড ধার্য করা

আরবিআই/2013-14/580

ডিবিওডি.ডিআইআর.বিসি.নং.109 /13.03.00/2013-14

মে 6, 2014

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলি বাদে)

প্রিয় মহাশয় / মহাশয়া

নিষ্ক্রিয় এ্যাকাউন্টে ন্যূনতম ব্যালাপ না রাখলে শাস্তিমূলক দণ্ড ধার্য করা

অনুগ্রহ করে এপ্রিল 1, 2014 [# http://rbi.org.in/scripts/BS_PressReleaseDisplay.aspx?prid=30911 # PB](http://rbi.org.in/scripts/BS_PressReleaseDisplay.aspx?prid=30911) তারিখে ঘোষিত প্রথম দ্বিমাসিক মুদ্রানীতি বিবরণী 2014-15-এর অংশ 'বি' দেখবেন যেখানে গ্রাহক সুরক্ষার জন্য কিছু বিধি-ব্যবস্থার প্রস্তাব দেওয়া হয়েছে যেমন নিষ্ক্রিয় এ্যাকাউন্টে ন্যূনতম ব্যালাপ রাখতে না পারলেও যেন শাস্তিমূলক দণ্ড ধার্য না করা হয়।

2. এই বিষয়ে আমাদের 'সেভিংস ব্যাঙ্ক এ্যাকাউন্টে ন্যূনতম ব্যালাপ'-এর উপর ডিসেম্বর 26, 2002 তারিখের সার্কুলার ডিবিওডি.ডিআইআর.বিসি.নং.53 /13.03.00/2002-03 দেখবেন যেখানে ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে এ্যাকাউন্ট খোলার সময় পরিষ্কার করে গ্রাহককে জানিয়ে দেওয়া যে সেভিংস ব্যাঙ্ক এ্যাকাউন্টে ন্যূনতম ব্যালাপ রাখা প্রয়োজন এবং তা না রাখলে শাস্তিমূলক দণ্ড ধার্য করা হবে।

3. এছাড়াও আমাদের 'আর্থিক উন্নয়নে অন্তর্ভুক্তিকরণ - ব্যাঙ্কিং পরিষেবা প্রাপ্তি - মূল সেভিংস ব্যাঙ্ক আমানত এ্যাকাউন্ট'-এর উপর আগস্ট 10, 2012 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.লেগ.বিসি. 35/09.07.005/2012-13-এর অনুলেদ 3 অনুযায়ী ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হয় যে মূল সেভিংস ব্যাঙ্ক আমানত এ্যাকাউন্ট (বিএসবিডিএ) নিষ্ক্রিয় রাখা / সক্রিয় করার জন্য যেন কোন মামুল ধার্য না করা হয়।

4. এতদ্বারা নির্দেশ দেওয়া হচ্ছে যে এখন থেকে ব্যাঙ্কগুলি কোন নিষ্ক্রিয় এ্যাকাউন্টে ন্যূনতম ব্যালাপ না রাখার জন্য শাস্তিমূলক দণ্ড ধার্য করতে পারবে না।
আপনার বিশ্বস্ত,

(প্রকাশ চন্দ্র সাহু)
মুখ্য মহাপ্রবন্ধক